

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৭২

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ জামা'আত তরক করার ষষ্ঠ কারণ মসজিদে যাওয়ার পথে যদি নিজের জীবন বা সম্পদ বিনষ্ট হওয়ার আশংকা থাকে

ذِكْرُ الْعُذْرِ السَّادِسِ وَهُوَ: خَوْفُ الْإِنْسَانِ عَلَى نَفْسِهِ وَمَالِهِ فِي طَرِيقِهِ إِلَى الْمَسْجِدِ

আরবী

2072 \_ أَخْبُرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبُرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ أَنَّ مَحْمُودَ بْنَ الرَّبِيعِ الْأَنْصَارِيَّ حَدَّثَةُ: أَنَّ عِتْبَانَ بْنَ مَالِكُ مِمَّنْ شَهِدَ عَنِ ابْنِ شِهَابٍ أَنَّ مَحْمُودَ بْنَ الرَّبِيعِ الْأَنْصَارِيَّ حَدَّتُهُ: أَنَّ عِتْبَانَ بْنَ مَالِكُ مِمَّنْ شَهِدَ بَدْرًا مِنَ الْأَنْصَارِ أَتَى رَسُولَ اللَّهِ صَلِّى الله عليه وسلم فقال: يا رسول الله إنِّي قَدْ أَنْكَرْتُ بَصَرِي وَأَنَا أُصلِي لِقَوْمِي وَإِذَا كَانَ الْأَمْطَارُ سَالَ الْوَادِي الَّذِي بَيْنِي وَبَيْنَهُمْ وَلَمْ أَلْكُرْتُ بَصَرِي وَأَنَا أُصلِي لِقَوْمِي وَإِذَا كَانَ الْأَمْطَارُ سَالَ الْوَادِي الَّذِي بَيْنِي وَبَيْنَهُمْ وَلَمْ أَلْ أَنْكَ يَا رَسُولَ اللَّهِ تَأْتِي فَتَصلِي فِي بَيْتِي مَسْجِدَهُمْ فَأُصلِي بِهِمْ , وَدِدْتُ أَنَّكَ يَا رَسُولَ اللَّهِ تَأْتِي فَتَصلِي فِي بَيْتِي حَتَّى أَتَّخِذَهُ مُصلِّى قَالَ: رَسُولُ اللَّهِ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُو بَكْرٍ الصِيدِيقُ حِينَ ارْتَفَعَ النَّهَارُ فَاسْتَأْذَنَ رَسُولُ رَسُولُ اللَّهِ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُو بَكْرٍ الصِيدِيقُ حِينَ ارْتَفَعَ النَّهَارُ فَاسْتَأْذَنَ رَسُولُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَبُو بَكْرٍ الصِيدِيقُ حِينَ ارْتَفَعَ النَّهَارُ فَاسْتَأْذَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَبْ يَعْنَ الْبَيْتَ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَبْرَ فَقُمْنَا وَرَاءَهُ فَصَلَّى رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ قَالَ: وَحَبَسْنَاهُ عَلَى خَزِيرَةٍ صَنَعْنَاهَا وَسَلَّمَ فَكَبَّرَ فَقُمْنَا وَرَاءَهُ فَصَلَلَى رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ قَالَ: وَحَبَسْنَاهُ عَلَى خَزِيرَةٍ صَنَعْنَاهَا وَسَلَّى مَنْ فَكَمْ فَكَبَرُ فَقُمْنَا وَرَاءَهُ فَصَلَلَى رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ قَالَ: وَحَبَسْنَاهُ عَلَى خَزِيرَةٍ صَنَعْنَاهَا وَرَاءَهُ فَصَلَلَى رَكُعُتَيْنِ ثُمَّ سَلَّمَ قَالَ: وَحَبَسْنَاهُ عَلَى خَزِيرَةٍ صَنَاقًى اللَّهُ عَلَى خَزِيرَةٍ صَنَاقًا اللَّهُ اللَّهُ عَلَى خَزِيرَةً عَلَى الْسَلَيْقَ الْمَاءَ وَلَا اللَّهُ اللَّهُ عَلَيْنَ عَلَى اللَّهُ عَلَيْهُ اللَّهُ اللَّهُ عَلَيْ

الراوي: مَحْمُود بْن الرَّبِيعِ الْأَنْصَارِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2072 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২০৭২. মাহমূদ বিন রাবী' আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, 'ইতবান বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর একজন বাদরী, আনসারী সাহাবী ছিলেন। তিনি একবার রাসূল সাল্লাল্লাহু



আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বললেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম, আমার দৃষ্টিশক্তি দুর্বল হয়ে গেছে আর আমি আমার কওমের ইমামতি করি। যখন বৃষ্টি হয়, তখন আমার ও তাদের মাঝের উপত্যকা প্লাবিত হয়ে যায় ফলে আমি তাদের মাসজিদে এসে ইমামতি করতে পারি না। কাজেই হে আল্লাহর রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম, আমার আশা যে, আপনি আমার বাড়িতে আসবেন এবং সেখানে সালাত আদায় করবেন, যাতে সেই জায়গা আমি সালাতের জন্য নির্ধারণ করে নিতে পারি।" রাবী বলেন, তখন তিনি বলেন: "অচিরেই আমি তা করবো।" 'ইতবান বিন মালিক রাদ্বিয়াল্লাছ্ আনহু বলেন, পরদিন সকালে যখন সূর্য উর্দ্ধ আকাশে সমুন্নত হয়, তখন রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম ও আবু বকর রাদ্বিয়াল্লাছ্ আনহু আমার বাড়িতে আসেন এবং রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম বাড়িতে প্রবেশের অনুমতি চান। আমি তাঁকে অনুমতি দেই। তারপর তিনি আর বসেননি, এমনকি তিনি বাড়িতে প্রবেশ করেন। অতঃপর তিনি বলেন: "আপনি আপনার বাড়ির কোথায় সালাত আদায় করা পছন্দ করেন?" আমি বাড়িতে একটি জায়গার প্রতি ইঙ্গিত করি। রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম সেখানে দাঁড়ান এবং 'আল্লাছ্ আকবার' বলেন। আমরাও তাঁর পিছনে দাঁড়িয়ে যাই। অতঃপর তিনি দুই রাকা'আত সালাত আদায় করে সালাত ফিরান। আমরা তাঁর জন্য খাযীরা[1] নামক খাবার প্রস্তুত করেছিলাম, সেই খাবার গ্রহণ করার জন্য অবস্থান করতে তাঁকে অনুরোধ করি।"[2]

## ফুটনোট

- [1] খাযীরা হলো এমন খাবার যা গোসত টুকরো টুকরো করে কেটে তা পানি ও লবণ দিয়ে সিদ্ধ করা হয় অতঃপর যখন সিদ্ধ হয়ে যায়, তখন তাতে আটা ছিটিয়ে দেওয়া হয়। -অনুবাদক।
- [2] সহীহ আল বুখারী: ৪২৫; সহীহ মুসলিম: ৩৩, ২৬৪; তাবারানী, আল মু'জামুল কাবীর: ১৮/৫০; মুসনাদ আহমাদ: ৫/৪৫০; দারাকুতনী: ২/৮০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯২৯; মুসনাদ আবু আওয়ানা: ১/১২; ইবনু মান্দাহ, আল ঈমান: ৫০; নাসাঈ: ২/১০৫; বাইহাকী, আস সুনান: ২/১৮১-১৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু 'আলা ইবনু খুযাইমা: ১৬৫৩-১৬৫৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মাহমূদ ইবনুর-রাবী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন